

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং: ৪৬.০০.০০০০.০৭০.২৭.০২৭.২২- ২৭৯

তারিখ: ০২ চৈত্র ১৪২৯
১৬ মার্চ ২০২৩

আদেশ

জনাব মোহাম্মদ আব্বাছ আলী, মূলপদ-অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, রেভিনিউ সুপারভাইজার (অতিরিক্ত দায়িত্ব), রাজস্ব বিভাগ, অঞ্চল-১০, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এ কর্মরত থাকাকালীন বাড়ী-০২, রোড-১, ব্লক-বি, আফতাবনগর আবাসিক এলাকার গ্রাহক-এর নিকট থেকে হোল্ডিং ট্যাক্স আদায়ের রশিদ ব্যতীত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা গ্রহণ ও ফেরত প্রদান করেন। তিনি কর্পোরেশনকে ক্ষতিগ্রস্ত করে ব্যক্তিগতভাবে লাভবান হওয়ার উদ্দেশ্যে ফাইল অনুমোদন ছাড়াই ১,৬৭,০৭৬/- (এক লক্ষ সাতষট্টি হাজার ছিয়াত্তর) টাকার রশিদ গ্রাহককে প্রদান করেন। তিনি গণমাধ্যমের ভিডিও ফুটেজে বিষয়টি স্বীকার করায় এবং বিভিন্ন সময়ে অনিয়ম, দুর্নীতি এবং কর্পোরেশন ও জনস্বার্থ বিরোধী কার্যকলাপে লিপ্ত হওয়ায় 'ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯' এর বিধি ৬৪(২) মোতাবেক ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের গত ২১ মার্চ ২০২২ তারিখের ৪৬.১০.০০০০.০০৪.৪৫.১৭৯.২১-১০৬ নং অফিস আদেশমূলে জনস্বার্থ ও কর্পোরেশনের স্বার্থ রক্ষার্থে তাকে চাকুরি হতে অপসারণ করা হয়। 'ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯' এর বিধি ৫৮(৪) অনুযায়ী ০৩ (তিন) মাসের মধ্যে জনাব মোহাম্মদ আব্বাছ আলী, মূলপদ-অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, রেভিনিউ সুপারভাইজার (অতিরিক্ত দায়িত্ব) (অপসারণকৃত) স্থানীয় সরকার বিভাগ বরাবর আপীল দাখিল করেন এবং আপীল মামলাটি রুজু করা হয়।

জনাব মোহাম্মদ আব্বাছ আলী, মূলপদ-অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, রেভিনিউ সুপারভাইজার (অতিরিক্ত দায়িত্ব), রাজস্ব বিভাগ, অঞ্চল-১০, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক দাখিলকৃত আবেদন ও সংযুক্ত রেকর্ডপত্র পর্যালোচনা করে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। এছাড়া, শুনানীকালে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পক্ষে প্রতিনিধি হিসেবে প্রধান রাজস্ব কর্মকর্তা জনাব আ. ন. ম. তরিকুল ইসলাম-এর বক্তব্য গ্রহণ করা হয়।

জনাব মোহাম্মদ আব্বাছ আলী, মূলপদ-অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, রেভিনিউ সুপারভাইজার (অতিরিক্ত দায়িত্ব), রাজস্ব বিভাগ, অঞ্চল-১০, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত আপীল আবেদন, সংযুক্ত কাগজপত্র, ব্যক্তিগত শুনানীতে উভয় পক্ষের প্রদত্ত বক্তব্য ও সিটি কর্পোরেশন হতে প্রাপ্ত দফাওয়ারী জবাব পর্যালোচনায় দেখা যায়, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অপসারণকৃত কর্মচারী জনাব মোহাম্মদ আব্বাছ আলী-এর বিরুদ্ধে আনীত অভিযোগ উপযুক্ত কর্মকর্তা কর্তৃক তদন্ত করানো হয়েছে এবং তদন্তে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে। তাই এ বিষয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র কর্তৃক গত ২১ মার্চ ২০২২ তারিখের ৪৬.১০.০০০০.০০৪.৪৫.১৭৯.২১-১০৬ নং আদেশে প্রদত্ত সিদ্ধান্ত যথার্থ ও ন্যায়সংগত/যৌক্তিক এবং আরোপিত দস্ত পর্যাণ্ট মর্মে প্রতীয়মান হয়েছে।

এমতাবস্থায়, জনাব মোহাম্মদ আব্বাছ আলী, মূলপদ-অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, রেভিনিউ সুপারভাইজার (অতিরিক্ত দায়িত্ব) (অপসারণকৃত) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক এ বিভাগে দায়েরকৃত আপীল আবেদনটি 'ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯'-এর বিধি ৫৮(৩) অনুযায়ী খারিজ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(মুহাম্মদ ইব্রাহিম)
সচিব
স্থানীয় সরকার বিভাগ।

নং: ৪৬.০০.০০০০.০৭০.২৭.০২৭.২২-২৭৯

তারিখ: ০২ চৈত্র ১৪২৯
১৬ মার্চ ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
- ৩। মন্ত্রী'র একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মেয়রের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)।
- ৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। জনাব মোহাম্মদ আব্বাছ আলী, প্রাক্তন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, রেভিনিউ সুপারভাইজার (অতিরিক্ত দায়িত্ব) (অপসারণকৃত) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
- ৮। অফিস কপি।



(মোহাম্মদ শাইমজুল ইসলাম)
উপসচিব

ফোন: ০২-২২৩৩৫৩৬২৫

মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০

ই-মেইল: lgcc1@lgd.gov.bd